রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২, ২০১০

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ৯ বৈশাখ ১৪১৭ বঙ্গাব্দ/২২ এপ্রিল ২০১০ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১২২-আইন/২০১০।—Emigration Ordinance, 1982 (Ordinance No. XXIX of 1982) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল বিধিমালা, ২০০২ এর অধীনে গঠিত ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড, উক্ত বিধিমালার বিধি ৬(জ) এ প্রদত্ত ক্ষমতাবলে, ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ ও চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(১) প্রবিধান ৫ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ৫ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৫। **সরাসরি নিয়োগদান।**—(১) সরাসরি নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের উদ্দেশ্যে বাছাই কমিটি বহুল প্রচারিত অন্ততঃ একটি বাংলা ও একটি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহ্বান করিয়া সংশ্লিষ্ট পদের জন্য প্রার্থী নির্বাচন করিবে।

(২) এই প্রবিধানমালার অধীনে সরাসরি নিয়োগদানের জন্য প্রার্থী নির্বাচনের উদ্দেশ্যে বাছাই কমিটি প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করিবে, এবং উক্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করিবে।

মূল্য ঃ টাকা ৬.০০

(৩) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগলাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(৪) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিযুক্ত হইবেন না, যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়স তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

(৫) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না যে পর্যন্ত না—

(ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসক স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন করেন; এবং

(খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, কল্যাণ তহবিল এর চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৬) সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিবে" ;

(২) প্রবিধান ১৩ এর পর নিম্নরূপ নতুন প্রবিধান ১৩ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"১৩ক। **টাইম স্কেল এবং সিলেকশন গ্রেড স্কেলের প্রাপ্যতা**।—(১) যে সকল কর্মচারী সরকারি কর্মচারীগণের জন্য প্রযোজ্য জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ২৪০০-৪৩১০ হইতে টাকা ৫১০০-১০৩৬০ বেতন স্কেলের আওতাভুক্ত তাহাদেরকে কল্যাণ তহবিলে একই বা পরস্পর বদলীযোগ্য পদে ৮, ১২ এবং ১৫ বৎসর চাকুরী পূর্তির পর, চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদ্‌সংক্রান্ত চাকুরীর শর্তাদি পূরণসাপেক্ষে, টাইম স্কেল হিসাবে, যথাক্রমে, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পরবর্তী উচ্চতর বেতন স্কেল প্রদেয় হইবে, তবে পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মচারী একই পদে সমগ্র চাকুরী জীবনে তিনটির অধিক টাইম স্কেল প্রাপ্য হইবেন না।

(২) যে সকল কর্মচারী জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৬৮০০-১৩০৯০ এবং তদূর্ধ্ব বেতন স্কেলের আওতাভুক্ত তাহাদেরকে সংশ্লিষ্ট পদের বেতন স্কেলের সর্বোচ্চ সীমায় পৌঁছার এক বৎসর পর, চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে এবং এতদ্‌সংক্রান্ত চাকুরীর শর্তাদি পূরণসাপেক্ষে, টাইম স্কেল হিসাবে পরবর্তী উচ্চতর স্কেল প্রাপ্য হইবেন, তবে পদোন্নতি ব্যতিরেকে কোন কর্মকর্তা একই পদে সমগ্র চাকুরী জীবনের একটির অধিক টাইম স্কেল প্রাপ্য হইবেন না।

(৩) যে কোন কর্মচারী জাতীয় বেতন স্কেল, ২০০৫ এর টাকা ৩৭০০—৮০৬০ এবং তদূর্ধ্ব স্কেলভুক্ত, তাহারা তাহাদের ৪ বৎসরের চাকুরী পূর্তি, সন্তোষজনক চাকুরীর রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে এবং চাকুরীর অন্যান্য শর্ত পূরণসাপেক্ষে, সংশ্লিষ্ট পদের মূল স্কেলের পরবর্তী স্কেলে ৫০% সিলেকশন গ্রেড প্রাপ্য হইবেন।

(৪) এই প্রবিধানের অধীন "টাইম স্কেল" ও "সিলেকশন গ্রেড" প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত সরকারি কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য প্রযোজ্য বিধি-বিধান ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিলের অধীনে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।";

(৩) প্রবিধান ৩৪ এর পর নিম্নরূপ নতুন প্রবিধান ৩৪ক, ৩৪খ, ৩৪গ ও ৩৪ঘ সংযোজিত হইবে, যথা ঃ—

"৩৪ক। **শ্রান্তি বিনোদন ভাতা**।—কল্যাণ তহবিলের কর্মচারীগণ, সরকারি কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুযায়ী শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্য হইবেন এবং এই ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধি, আদেশ, নির্দেশ প্রয়োজনীয় অভিযোজনসহ প্রযোজ্য হইবে।

৩৪খ। **গাড়ীচালকদের ওভারটাইম ভাতা**।—কল্যাণ তহবিলে নিয়োজিত গাড়ীচালকগণ সংশ্লিষ্ট গাড়ীর জন্য নির্ধারিত লগ বই অনুসারে অফিস সময়ের পূর্বে বা পরে কাজ করিলে, তাহার প্রকৃত কর্মঘণ্টা বাবদ ওভারটাইম ভাতা হিসাবে সরকারি গাড়ীচালকগণের জন্য প্রযোজ্য হারে ওভারটাইম ভাতা প্রাপ্য হইবেন।

৩৪গ। **পোষাক ও ধোলাই ভাতা**।—সরকারি কর্মচারীগণের ন্যায় কল্যাণ তহবিলের যে সকল কর্মচারীগণের ক্ষেত্রে পোষাক ও ধোলাই ভাতা এবং অন্যান্য ভাতা প্রযোজ্য সে সকল কর্মচারীগণ সরকারি কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য হারে পোষাক ও ধোলাই ভাতা এবং অন্যান্য ভাতা প্রাপ্য হইবেন।

৩৪ঘ। **কম্পিউটার, মোটর সাইকেল ও কার ক্রয় এবং গৃহ নির্মাণ এর জন্য ঋণ ও অগ্রিম প্রদান**।—কম্পিউটার, মোটর সাইকেল ও কার ক্রয় এবং গৃহ নির্মাণ এর জন্য ঋণ বা অগ্রিম প্রদানের বিষয়ে সরকারি কর্মচারীদের জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুযায়ী কল্যাণ তহবিলে নিয়োজিত কর্মকর্তা এবং কর্মচারীগণ সুবিধাদি প্রাপ্য হইবেন।";

(৪) প্রবিধান ৫৩ এর উপ-প্রবিধান (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২) এই প্রবিধানমালায় ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ কারণ দর্শানোর এবং শুনানীর সুযোগ প্রদানপূর্বক, যথাযথ বিবেচনা করিলে, তিন মাসের পূর্ব-নোটিশ প্রদান করিয়া অথবা তৎপরিবর্তে তিন মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পরিশোধ করিয়া, যে কোন কর্মচারীর চাকুরীর অবসান ঘটাইতে পারিবে, তবে কোন কর্মকর্তা-কর্মচারী কারণ দর্শানোর জবাব প্রদান না করিলে অথবা শুনানীর সুযোগ গ্রহণ না করিলে কর্তৃপক্ষ একতরফা সিদ্ধান্ত গ্রহণ করিবেন।";

(৫) "তফসিল-ক" এবং "তফসিল-খ" এর পরিবর্তে নিম্নরূপ "তফসিল-ক" এবং "তফসিল-খ" প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

তফসিল-ক

[প্রবিধান ২(চ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা	নিয়োগ পদ্ধতি	নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা	জাতীয় বেতন স্কেল '২০০৫ অনুযায়ী
১	২	৩	৪	৫	৬
১	পরিচালক (কল্যাণ)	-	প্রেষণে নিয়োগের মাধ্যমে।	সরকারের উপ-সচিব পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	-
২	উপ-পরিচালক (কল্যাণ/ প্রশাসন ও অর্থ)	-	(ক) পদোন্নতির মাধ্যমে; এবং (খ) পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী পরিচালক/ হিসাবরক্ষণ কর্মকর্তা পদে ৭ (সাত) বৎসরের চাকুরী; (খ) **প্রেষণের ক্ষেত্রে ঃ** সরকারের সিনিয়র সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	১১,০০০— ১৭,৬৫০
৩	সহকারী পরিচালক	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে; (গ) দফা (ক) ও (খ) এ যাহা কিছুই থাকুক না কেন, বিমান বন্দরে দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রে ঃ** কল্যাণ কর্মকর্তা পদে ৫ (পাঁচ) বৎসর চাকুরী; (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী; (গ) **প্রেষণের ক্ষেত্রে ঃ** সরকারের সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	৬৮০০— ১৩০৯০

১	২	৩	৪	৫	৬
৪	সহকারী পরিচালক (জনসংযোগ)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে;	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সাংবাদিকতা বিষয়ে (Journalism) স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা।	৬৮০০–১৩০৯০
৫	হিসাবরক্ষণ কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা পদে ৫ (পাঁচ) বৎসর চাকুরী; (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞান/ ব্যবস্থাপনা/ ফিন্যান্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ হিসাবরক্ষণ কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা।	৬৮০০–১৩০৯০
৬।	কল্যাণ কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রে ঃ** কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ বৎসর অথবা ব্যক্তিগত সহকারী/ প্রধান সহকারী/উচ্চমান সহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসর চাকুরী; তবে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্মাতকোত্তর ডিগ্রী।	৫১০০-১০৩৬০

১	২	৩	৪	৫	৬
৭।	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রে ঃ** হিসাব রক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) অথবা হিসাব সহকারী পদে অন্যূন ৭(সাত) বৎসর চাকুরী; (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/ফিন্যান্স বিষয়ে অন্যূন স্নাতকোত্তর ডিগ্রী।	৫১০০-১০৩৬০
৮।	কম্পিউটার অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনার কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা।	৩৫০০-৭৫০০
৯।	ব্যক্তিগত সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনার দক্ষতা থাকিতে হইবে।	৩৩০০-৬৯৪০
১০।	হিসাব রক্ষক	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির ক্ষেত্রে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রে ঃ** হিসাব সহকারী পদে ৩ (তিন) বৎসর অথবা ক্যাশিয়ার পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী; (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন স্নাতক ডিগ্রী।	৩৩০০-৬৯৪০

১	২	৩	৪	৫	৬
১১।	প্রধান সহকারী/ উচ্চমান সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) **পদোন্নতির ক্ষেত্রে ঃ** অফিস সহকারী/কল্যাণ সহকারী পদে ৫ (পাঁচ) এবং স্টোর কিপার পদে ৭(সাত) বৎসরের চাকুরী; (খ) **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী।	৩৩০০-৬৯৪০
১২	হিসাব সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী।	৩১০০-৬৩৮০
১৩	ক্যাশিয়ার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী।	৩০০০-৫৯২০
১৪	কল্যাণ সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী।	৩০০০-৫৯২০
১৫	অফিস সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার পরিচালনায় পারদর্শী।	৩০০০-৫৯২০
১৬	কেয়ার টেকার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	৩০০০-৫৯২০
১৭	ইলেকট্রিশিয়ান	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	ট্রেড সার্টিফিকেট এবং ৩ বৎসরের অভিজ্ঞতাসহ অন্যূন মাধ্যমিক/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	৩০০০-৫৯২০
১৮	স্টোর কিপার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী।	৩০০০-৫৯২০

১	২	৩	৪	৫	৬
১৯	গাড়ী চালক	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক /সমমান পরীক্ষায় উত্তীর্ণ; (খ) গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হইতে হইবে।	৩০০০-৫৯২০
২০	লিফটম্যান	-	আউট সোর্সিং	কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে সংশ্লিষ্ট ট্রেডে ট্রেড সার্টিফিকেটসহ ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	সাকুল্য বেতন
২১	প্লাম্বার	-	আউট সোর্সিং	কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে প্লাম্বিং ট্রেড সার্টিফিকেট এবং ৩ বৎসরের অভিজ্ঞতা।	সাকুল্য বেতন
২২	পাম্প মেশিন অপারেটর	-	আউট সোর্সিং	কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে সংশ্লিষ্ট ট্রেড সার্টিফিকেটসহ ৩ বৎসরের অভিজ্ঞতা।	সাকুল্য বেতন
২৩	জেনারেটর অপারেটর	-	আউট সোর্সিং	কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে সংশ্লিষ্ট ট্রেড সার্টিফিকেট এবং ৩ বৎসরের অভিজ্ঞতা।	সাকুল্য বেতন
২৪	এম,এল,এস,এস	-	আউট সোর্সিং	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	সাকুল্য বেতন
২৫	নিরাপত্তা প্রহরী	-	আউট সোর্সিং	অষ্টম শ্রেণী উত্তীর্ণ/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	সাকুল্য বেতন
২৬	ঝাড়ুদার	-	আউট সোর্সিং	অষ্টম শ্রেণী/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।	সাকুল্য বেতন

তফসিল-খ

[প্রবিধান ২(চ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	নিয়োগ পদ্ধতি	নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা	বেতন
১	২	৩	৪	৫
১।	ডাটাবেইজ এডমিনিসট্রেটর	চুক্তি ভিত্তিক নিয়োগ।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ার বা এ্যাপ্লাইড ফিজিক্সে ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ, ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৩ বৎসরের অভিজ্ঞতা।	বোর্ড কর্তৃক নির্ধারিত
২।	সিস্টেম এডমিনিসট্রেটর	চুক্তি ভিত্তিক নিয়োগ।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ার বা এ্যাপ্লাইড ফিজিক্সে ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ, ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৩ বৎসরের অভিজ্ঞতা।	বোর্ড কর্তৃক নির্ধারিত
৩।	হার্ডওয়্যার ম্যানেজার	চুক্তি ভিত্তিক নিয়োগ।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ইলেকট্রিক্যাল/ কম্পিউটার ইঞ্জিনিয়ার বা ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এ অথবা এ্যাপ্লাইড ফিজিক্সে ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ, ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং কম্পিউটার ও সংশ্লিষ্ট হার্ডওয়্যার কাজে বিস্তারিত অভিজ্ঞতা আবশ্যক।	বোর্ড কর্তৃক নির্ধারিত

১	২	৩	৪	৫
৪।	সফটওয়্যার ম্যানেজার	চুক্তি ভিত্তিক নিয়োগ।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ইলেকট্রিক্যাল/কম্পিউটার ইঞ্জিনিয়ার বা ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এ অথবা এ্যাপ্লাইড ফিজিক্সে ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ, ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং সংশ্লিষ্ট সফটওওয়্যার কাজে বিস্তারিত অভিজ্ঞতা আবশ্যক।	বোর্ড কর্তৃক নির্ধারিত
৫।	নেটওয়ার্ক ম্যানেজার	চুক্তি ভিত্তিক নিয়োগ।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ইলেকট্রিক্যাল/কম্পিউটার ইঞ্জিনিয়ার বা ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এ অথবা এ্যাপ্লাইড ফিজিক্সে ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ, ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং নেটওয়ার্কিং সেটআপ ও রক্ষনাবেক্ষণের কাজে বিস্তারিত অভিজ্ঞতা আবশ্যক।	বোর্ড কর্তৃক নির্ধারিত
৬।	মেইনটেন্যান্স এ্যাসিস্ট্যান্ট (টেকনিশিয়ান)	চুক্তি ভিত্তিক নিয়োগ।	ট্রেড সার্টিফিকেট এবং ৩ বছরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	বোর্ড কর্তৃক নির্ধারিত।
৭।	আরবী অনুবাদক	চুক্তি ভিত্তিক নিয়োগ।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আরবী বিষয়সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা কোন স্বীকৃত মাদ্রাসা হইতে কামিল পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। আরবী হইতে বাংলা/ইংরেজী এবং বাংলা/ইংরেজী হইতে আরবী অনুবাদ করার অভিজ্ঞতা থাকিতে হইবে।	বোর্ড কর্তৃক নির্ধারিত।

১	২	৩	৪	৫
৮।	ইঞ্জিনিয়ার-ইন-চার্জ	চুক্তি ভিত্তিক নিয়োগ।	প্রকল্পের প্রয়োজনে বোর্ড কর্তৃক নির্ধারিত যোগ্যতা।	বোর্ড কর্তৃক নির্ধারিত।
৯।	স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার	চুক্তি ভিত্তিক নিয়োগ।	সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রীসহ স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং এ পারদর্শী।	বোর্ড কর্তৃক নির্ধারিত।
১০।	সিভিল ইঞ্জিনিয়ার	চুক্তি ভিত্তিক নিয়োগ।	সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী।	বোর্ড কর্তৃক নির্ধারিত।
১১।	সাইট ইঞ্জিনিয়ার (সিভিল)	চুক্তি ভিত্তিক নিয়োগ।	সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ডিগ্রী।	বোর্ড কর্তৃক নির্ধারিত।
১২।	সাব এ্যাসিসট্যান্ট ইঞ্জিনিয়ার	চুক্তি ভিত্তিক নিয়োগ।	সিভিল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ডিগ্রী।	বোর্ড কর্তৃক নির্ধারিত।
১৩।	আইনজীবী/আইন উপদেষ্টা	চুক্তি ভিত্তিক নিয়োগ।	আইন বিষয়ে স্নাতক ডিগ্রীসহ আইন পেশায় ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।	বোর্ড কর্তৃক নির্ধারিত।
১৪।	ডাক্তার	চুক্তি ভিত্তিক নিয়োগ।	কোন স্বীকৃত মেডিক্যাল কলেজ হতে এম,বি,বি,এস ডিগ্রীসহ ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।	বোর্ড কর্তৃক নির্ধারিত।
১৫।	ডাটা এন্ট্রি অপারেটর	ডাটা ভিত্তিক (No Work No Pay)	কম্পিউটার ডাটা এন্ট্রির কাজে দক্ষতাসহ স্নাতক ডিগ্রী।	বোর্ড কর্তৃক নির্ধারিত।

ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল পরিচালনা বোর্ডের পক্ষে

ড. জাফর আহমেদ খান
চেয়ারম্যান
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd